

সেবার অপর নাম সাদাকা

মমতা জড়িত সেবার নামই সাদাকা। এ সেবা হতে পারে একটু শুভকামনা, একটু সুন্দর ব্যবহার, একটা সুপরামর্শ, আর্থিক দান, পথিককে আন্তরিক সাহায্য কিংবা পথ থেকে কলার খোসা সরিয়ে ফেলা। অর্থাৎ অন্যের কল্যাণে অর্থ মেধা শ্রম বা সময় দেয়াই সাদাকা।

পেশাও চমৎকার সাদাকা হিসেবে শতগুণ প্রতিদান আনতে পারে যদি সে কাজটি কল্যাণের জন্যে করা হয়। আন্তরিকভাবে ফুটপাতে জুতো সেলাই করে কেউ হয়েছেন লাখপতি মুচি, পেঁয়াজ বিক্রি করেই কেউ বানিয়েছেন বিল্ডিং, হোর্ডিং পেইন্টারের সহকারী থেকে হয়েছেন বিখ্যাত চিত্রশিল্পী। সেবক হওয়ার মাধ্যমেই তারা উদাহরণ হয়ে আছেন। আসলে সেবা বা সাদাকাই সম্পদ সৃষ্টি করে, প্রাচুর্য আনে।

সাদাকার সুযোগ সর্বত্র

- আগে সালাম দেয়া, কুশল জিজ্ঞেস করা, হাসিমুখে সুন্দর কথা বলা, অন্যের সাফল্যলাভে শুভকামনা জানানো সাদাকা।
- পরিবারের ভরণপোষণ, মা-বাবার খেদমত, স্ত্রী/স্বামী-সন্তানের সাথে সুন্দর ব্যবহার সাদাকা।
- আত্মীয়স্বজন ও প্রতিবেশীদের সাহায্য-সহযোগিতা, এতিম-মিসকিন, বিধবা ও অসহায়ের লালন পালন করা সাদাকা।
- রোগীর সেবা ও তার জন্যে দোয়া করা, তাকে দেখতে যাওয়া; মূমূর্ষকে রক্তদান করা সাদাকা।
- প্রাকৃতিক বিপর্যয়ে ত্রাণ কাজ, প্রকাশ্যে বা গোপনে অর্থ দান, তৃষিতকে পানি পান করানো, ক্ষুধার্তকে খাওয়ানো সাদাকা।

- পথহারা মানুষকে পথ দেখানো। অন্ধ-শিশু-প্রবীণকে পথ চলতে ও অন্যান্য কাজে সহযোগিতা করা সাদাকা।
- পথ থেকে পথিকের জন্যে ক্ষতিকর প্রতিটি বস্তু (কাঁটা, ইট-পাথর, কাঁচের টুকরা ইত্যাদি) অপসারণ; পড়ে থাকা জ্বলন্ত কিছুকে নেভানো সাদাকা।
- পরিবেশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, গাছ লাগানো সাদাকা।
- অধীনস্থদের সাথে মানবিক আচরণ করা সাদাকা। অন্ততপক্ষে নিজেরা যা খাবেন, তাদেরকেও তা খাওয়ান।
- সমস্যা সমাধানে সং পরামর্শ দেয়া সাদাকা। ভালো কাজে উৎসাহিত করা এবং খারাপ কাজ থেকে বিরত রাখতে সচেষ্ট হওয়া সাদাকা।
- অর্থনৈতিক বা সামাজিক পরিবেশের শিকার মজলুমকে সাহায্য করা সাদাকা।

- ওজনে কম না দেয়া সাদাকা।
- অপিত দায়িত্ব আন্তরিকতা নিয়ে পালন করা সাদাকা।
- উৎসাহ-উদ্বীপক ভালো লেখা, গণসচেতনতামূলক চিঠি পত্রিকায় পাঠানো সাদাকা।
- যানবাহনে/অনুষ্ঠানে মহিলা প্রবীণ শিশু বা অসুস্থ কাউকে প্রয়োজনে নিজের আসনে বসতে দেয়া সাদাকা।
- অপ্রয়োজনে জ্বলতে থাকা বাতি ফ্যান এসি চুলা বন্ধ করাসহ যেকোনো অপচয় রোধে সচেষ্ট হওয়া সাদাকা।
- প্রযুক্তি ও কারিগরি জ্ঞান কাজে লাগিয়ে নতুন কিছু আবিষ্কারের মাধ্যমে অন্যের জীবনে স্বাচ্ছন্দ্য বাড়াণো সাদাকা।
- জাতি ধর্ম বর্ণ নির্বিশেষে অর্থ বা শ্রম দিয়ে কাউকে অক্ষরজ্ঞান দান করা, জীবনযাপনের বিজ্ঞান শিক্ষা দেয়া, সংস্কে একাত্ম করা সাদাকা।

নিঃস্বার্থে দিন, তাহলেই আসবে

আপনি যা পেতে চান, তা-ই আগে আপনাকে দিতে হবে। অর্থ চাইলে অর্থ দান করতে হবে। সম্মান পেতে হলে অন্যকে সম্মান করতে হবে। হাসিমুখ দেখতে চাইলে আগে নিজেকে হাসতে হবে। যা দান করবেন প্রাকৃতিক নিয়মেই তা বহুগুণে আবার ফিরে আসবে আপনার কাছে। দানের এ প্রতিদান সার্বজনীন, ধর্ম বর্ণ গোত্র নির্বিশেষে সবার জন্যে।

প্রাকৃতিক নিয়মে বাতাসের শূন্যতা যেভাবে বাড় সৃষ্টি করে তেমনি সাফল্যের কোয়ান্টাম সূত্র অনুসারে দানও আপনার প্রাচুর্যের প্লাবন সৃষ্টি করে। যত বিলিয়ে দেবেন তত সে শূন্যস্থান পূরণের জন্যে চারপাশ থেকে সৌভাগ্য আপনার দিকে আসতে থাকবে। যত যক্ষের মতো আঁকড়ে রাখবেন তত অভাববোধ ও নিরাপত্তাহীনতা বাড়তে থাকবে।

শতগুণ প্রতিদান পেতে হলে-

- ‘কী দিতে পারি, কীভাবে দিতে পারি’- চিন্তা লালন করুন। দয়া বা করুণা নয় গ্রহীতার প্রতি মমতা অনুভব করুন। বিরক্তি দানের বরকত নষ্ট করে।
- নিজের পছন্দনীয় ভালো জিনিস থেকে শুধু স্রষ্টার সন্তুষ্টির জন্যে দান করুন।
- যেটুকু আছে তা থেকেই দান করুন। অল্প হোক কিন্তু নিয়মিত দিন।
- দান বা সেবা করে খোঁটা দেবেন না। ‘আমি এতকিছু করেছি ...’ বলে উপকারের তালিকা তুলে ধরবেন না।
- বিনিময়ে কোনো প্রশংসা আনুকূল্য বা সমীহ প্রত্যাশা করবেন না। গ্রহীতা যদি নিন্দাও করে তাহলেও দান বা সেবার প্রসঙ্গ তুলবেন না।
- নিজে দানের পাশাপাশি অন্যকেও দানে-সেবায় উৎসাহিত করুন।

সকল ধর্মের শিক্ষা সাদাকা

কোরআন : সং দান এমন একটি শস্যবীজ, যাতে উৎপন্ন হয় ৭টি শীষ আর প্রতিটি শীষে থাকে শত শস্যদানা। আল্লাহ যাকে চান তাকে বহুগুণ প্রবৃদ্ধি দান করেন।

—বাকারা : ২৬১

ঋগবেদ : নিঃশর্ত দানের জন্যে রয়েছে চমৎকার পুরস্কার। তারা লাভ করে আশীর্বাদধন্য দীর্ঘ জীবন ও অমরত্ব।

—১.১২৫.৬

বুদ্ধাঙ্গী : দান করতে বাধা দেয়া অন্যায়। এতে দাতা একটি ভালো কাজ করা থেকে আর গ্রহীতা সাহায্য থেকে বঞ্চিত হয়। আর বাধা দানকারীর নীচতার প্রকাশ ঘটে।

—অংগুত্তর নিকয়া সূত্র নং ৫৭

বাইবেল : যখন দান কর গোপনে দান কর। ... তোমার নীরব দান সদাপ্রভু দেখছেন। তিনি তোমাকে পুরস্কৃত করবেন।

—মথি ৬:৩-৪

আর্থিক দানের ক্ষেত্রে দৃষ্টিভঙ্গি

- দান দয়া নয়, ধর্মীয় দৃষ্টিতে ধনীর সম্পদে অভাবী ও বঞ্চিতের অধিকার।
- স্ব-উপার্জন থেকে দান করুন। আয় না থাকলে ব্যয় কমিয়ে দান করুন।
- শুরু হতে পারে ক্ষুদ্র দান দিয়ে। সং নিয়তে ছোট অঙ্কের দানও বড় দান হিসেবে গণ্য হতে পারে স্রষ্টার কাছে।
- সচ্ছলতা ও অভাব- সর্বাবস্থায় সামর্থ্য অনুসারে দান করুন। দানের ধর্মীয় নির্দেশ ধনী-গরিব সবার জন্যেই।
- দানের অর্থ কোথায়-কীভাবে ব্যয় হচ্ছে তার খোঁজ নিন। দানের বরকত নির্ভর করে সে অর্থের সদ্ব্যবহারের ওপর।
- শিক্ষা ভিক্ষুককে শিক্ষা করতেই উৎসাহিত করে। নবীজী (স) শিক্ষাবৃত্তিকে নিরুৎসাহিত করেছেন।

সম্মবদ্ধ দান আনে অফুরন্ত কল্যাণ কোয়ান্টাম মাটির ব্যাংক

মাটির ক্ষুদ্র পাত্র এখন পরিণত হয়েছে কল্যাণ ভাণ্ডারে। ক্ষুদ্র ক্ষুদ্র দান একত্রিত হয়ে বঞ্চিত জনপদে নির্মিত হচ্ছে আলোকিত জীবন। মাটির ব্যাংকে ক্ষুদ্র দান ও মানত কারো জীবনে নিয়ে আসছে প্রাচুর্য, কেউ মুক্ত হচ্ছেন দুরারোগ্য ব্যাধি থেকে, কারো দূর হচ্ছে বালা-মুসিবত।

দানের প্রতিদানে স্রষ্টার রহমতে হাজার হাজার মানুষ উপকৃত হওয়ায় গড়ে প্রতিদিন মাটির ব্যাংক থেকে সংগ্রহের পরিমাণ এখন লাখ টাকার ওপরে। স্রষ্টার সন্তুষ্টির জন্যে দিনে বা রাতে, প্রকাশ্যে বা গোপনে, সচ্ছল বা অসচ্ছল অবস্থায় দান করার এ সুযোগ আপনিও গ্রহণ করতে পারেন।

দানে আছে নিশ্চিত কল্যাণ

সাদাকা বা দান দাতার কল্যাণকেই নিশ্চিত করে। কারণ-

১. দান উপার্জনকে শুদ্ধ করে।
২. দান পাপ মোচন করে ও অন্তরে তৃপ্তি প্রদান করে।
৩. দান বালা-মুসিবত ও রোগ-ব্যাধি দূর করে।
৪. দান ভয়-ভীতি, টেনশন-পেরেশানি ও দুঃখ-কষ্ট দূর করে।
৫. দান দারিদ্র বিমোচন করে, সম্পদে অফুরন্ত বরকত আনে।



নতুন সহস্রাব্দের জীবনযাপনের বিজ্ঞান
কোয়ান্টাম মেথড
-এর ৩০০ তম
কোর্সপূর্তি স্মারক
কোয়ান্টাম উচ্ছ্বাস

লাখে মানুষের প্রশান্তি নিরাময় ও সাফল্যের প্রামাণ্য দলিল। আজই পড়ুন। বদলে ফেলুন আপনার জীবন।

কোয়ান্টাম ফাউন্ডেশন

কেন্দ্রীয় দফতর :
৩১/ডি শিল্পাচার্য জয়নুল আবেদীন সড়ক, শান্তিনগর, ঢাকা-১২১৭।
ফোন : ৯৩৪১৪৪১, ৮৩১৯৩৭৭, ০১৭১১-৬৭১৮৫৮
চট্টগ্রাম : ০৩১-৬৫৩৬৮৮, ০১৭১১-৩৯৩০১০
সিলেট : ০৮২১-৭১১৬১২, ০১৭১১-২৮০৬৫২
রাজশাহী : ০৭২১-৭৭১৫৫০, ০১৭১১-১০৪২৮৯
মিরপুর : ৮০৬১০৭৫, ০১৭১৭-১৪৪৭২৪
সেচ্ছা রক্তদান কার্যক্রম ও কোয়ান্টাম ল্যাব : ৮৩২২৮৭, ৯৩৫১৯৬৯, ০১৭১৪-০১০৮৬৯
E-Mail : info@quantummethod.org.bd
Web Site : www.quantummethod.org.bd

সাফল্যসূত্র-৩
সাদাকা

মহাজাতক